৭২

দৈনিক জনকণ্ঠ

তারিখ ০১ JUL 1995
পৃষ্ঠা ২ কলাম ৫

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তে সরকারী কলেজ শিক্ষক পরিষদের উদ্বেগ

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক পরিষদ আসন্ন এইচএসসি পরীক্ষায় কলেজ শিক্ষকদের নিজ কলেজ ছাড়া অন্য কলেজে পরিদর্শকের দায়িত্বে নিয়োজিত করার শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্তে গভীর উদ্বেগ প্রকাশ করেছে। পরিষদ পরীক্ষার দায়িত্ব পালনকারী শিক্ষকদের যথোপযুক্ত নিরাপত্তা বিধানের লক্ষ্যে এ নির্দেশ প্রত্যাহারের জন্য সরকারের প্রতি অনুরোধ জানায়। বাংলাদেশ শিক্ষক পরিষদের সভাপতি আলী আকবর খান ডলারের সভাপতিত্বে শুক্রবার ধানমণ্ডিস্থ কার্যালয়ে পরিষদের দিনব্যাপী কার্যনির্বাহী কমিটির সভায় উপরোক্ত আহ্বান জানানো হয়। সভায় বিপুল সংখ্যক নির্বাহী সদস্য উপস্থিত হয়ে সংগঠনের ৭ দফা দাবি অনতিবিলম্বে পূরণের জন্য সরকারের প্রতি জোর দাবি জানায়। প্রেস বিজ্ঞপ্তি।